

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো(ব্যানবেইস)
১ জহির রায়হান রোড(পলাশী-নীলক্ষেত), ঢাকা-১২০৫।
www.banbeis.gov.bd ; email: info@banbeis.gov.bd

স্মারক নং-৩৭.২০.০০০০.০০৫.৩৫.০৫৪.২০১৮- ৩৬৬০

তারিখঃ ২৬ বৈশাখ ১৪২৬
০৯ মে ২০১৯


বিষয়ঃ উপজেলা আই.সি.টি. ট্রেনিং এন্ড রিসোর্স সেন্টার ফর এডুকেশন (UITRCE)-এ 'কম্পিউটার হার্ডওয়্যার, নেটওয়ার্ক এন্ড ট্রাবলশ্যুটিং' বিষয়ক প্রশিক্ষণ প্রদান।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস) ও এর আওতাধীন উপজেলা আই.সি.টি. ট্রেনিং এন্ড রিসোর্স সেন্টার ফর এডুকেশন (UITRCE)-এ চলতি অর্থবছর ২০১৮-২০১৯ থেকে রাজস্ব খাতে “কম্পিউটার হার্ডওয়্যার, নেটওয়ার্ক এন্ড ট্রাবলশ্যুটিং” বিষয়ক ১৫ (পনের) দিনব্যাপি প্রশিক্ষণ কোর্স চালু করা হয়েছে। ব্যানবেইস কর্তৃক এতদুদ্দেশ্যে ইতোমধ্যে ১২৫টি UITRCE এর জন্য ২ (দুই) জন করে শিক্ষককে TOT এর মাধ্যমে Master Trainer করা হয়েছে এবং প্রশিক্ষণের জন্য প্রয়োজনীয় অর্থ বরাদ্দ করা হয়েছে।

২। বর্ণিত “কম্পিউটার হার্ডওয়্যার, নেটওয়ার্ক এন্ড ট্রাবলশ্যুটিং” বিষয়ক প্রশিক্ষণ কোর্সে প্রশিক্ষণার্থী হিসেবে শিক্ষক নির্বাচনের ক্ষেত্রে নিম্নোক্ত বিষয়গুলো বিবেচনা করে অগ্রাধিকার তালিকা প্রস্তুত করে প্রশিক্ষণ প্রদান করার জন্য অনুরোধ করা হলো।

- (১) যেসব শিক্ষা প্রতিষ্ঠানে ICT ল্যাব, শেখ রাসেল ডিজিটাল ল্যাব ও কম্পিউটার ল্যাব আছে অগ্রাধিকার ভিত্তিতে সে সব প্রতিষ্ঠান থেকে প্রথমে একজন এবং পরবর্তীতে সব প্রতিষ্ঠান থেকে একজন করে শিক্ষককে ট্রেনিং প্রদানের পর আরো একজনকে প্রশিক্ষণ দিতে হবে। কোন প্রতিষ্ঠানে ২ জন শিক্ষকের বেশী এ প্রশিক্ষণ প্রদান করা যাবে না।
- (২) ICT বিষয়ক শিক্ষক অথবা ICT বিষয়ক শিক্ষক না থাকলে বিজ্ঞান বিষয়ের এবং ICT বিষয়ে পারদর্শী শিক্ষককে মনোনীত করতে হবে।
- (৩) প্রতিষ্ঠানের স্থায়ী শিক্ষকদের মনোনীত করতে হবে। অস্থায়ী/খন্ডকালীন শিক্ষককে নির্বাচন করা যাবে না।
- (৪) “কম্পিউটার হার্ডওয়্যার, নেটওয়ার্ক এন্ড ট্রাবলশ্যুটিং” প্রশিক্ষণ গ্রহণ করা শিক্ষকদের আলাদা Interactive Database তৈরি করতে হবে এবং তা UITRCE ও ব্যানবেইস এর Website-এ Upload করতে হবে।
- (৫) উপরিউক্ত বিষয়গুলোর আলোকে প্রতিষ্ঠান প্রধান প্রশিক্ষণের জন্য শিক্ষক মনোনীত করে প্রশিক্ষণ গ্রহণের জন্য UITRCE -তে প্রেরণ নিশ্চিত করবেন।
- (৬) প্রশিক্ষণ সংক্রান্ত অন্যান্য সকল নিয়ম কানুন যথাযথভাবে অনুসরণ করতে হবে।

৩। উল্লিখিত বিষয়গুলো যথাযথভাবে অনুসরণ করে বর্ণিত প্রশিক্ষণে প্রশিক্ষণার্থী নির্বাচন এবং তাদের প্রশিক্ষণ প্রদানের জন্য অনুরোধ করা হলো।


(মোঃ ফারিউল্লাহ)

মহাপরিচালক
ব্যানবেইস।
ফোনঃ ৯৬৬৫৪৫৭

(১) উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার (UITRCE)(১২৫ উপজেলা)

উপজেলা, জেলা

(২) সহকারী প্রোগ্রামার (UITRCE)(১২৫ উপজেলা)

উপজেলা....., জেলা.....।

অনুলিপি (সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে)(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- (১) মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর/ মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর/ কারিগরি শিক্ষা অধিদপ্তর।
- (২) সিনিয়র সচিবের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- (৩) সচিবের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- (৪) পরিচালক,, অঞ্চল.....।
- (৫) জেলা শিক্ষা অফিসার
- (৬) সংশ্লিষ্ট নথি।